



তথ্যবিবরণী

নম্বর-২৭৮

শপথ নিলেন নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানবৃন্দ

রাজশাহী, ১৪ জ্যৈষ্ঠ (২৮ মে) :

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের প্রথম ধাপে রাজশাহী বিভাগের নির্বাচিত ২৩টি উপজেলার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণ শপথ নিয়েছেন। বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর আজ সোমবার (২৮ মে) দুপুরে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে নবনির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দকে শপথ বাক্য পাঠ করান।

শপথ অনুষ্ঠানে নবনির্বাচিত জনপ্রতিনিধিদের অভিনন্দন জানিয়ে বিভাগীয় কমিশনার বলেন, আপনারা বাছাই হয়েছেন একটি অবাধ, নিরপেক্ষ এবং সার্বজনীন গ্রহণযোগ্য নির্বাচনের মাধ্যমে। আপনারা অনেক কষ্ট করেছেন, ভোটারদের দ্বারা দ্বারে গেছেন এবং অনেক চ্যালেঞ্জের মধ্য দিয়ে অনেক আকাঙ্ক্ষা নিয়ে নির্বাচিত হয়েছেন। এখন আপনাদের দায়িত্ব অনেক। সে দায়িত্ব হচ্ছে ভোটার এবং জনগণকে দেওয়া প্রতিশ্রুতি পালন করা। তার জন্য প্রয়োজন একটি সুন্দর পরিকল্পনা।

হুমায়ূন কবীর বলেন, জনপ্রতিনিধিরা সামগ্রিক যোগ্যতা, প্রজ্ঞা এবং দূরদর্শিতার ভিত্তিতে কোনো সমাজ বা জাতিকে বিনির্মাণ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের দেশকে একটি অনুন্নত দেশ থেকে উন্নয়নের রোল মডেলে নিয়ে গেছেন, তার মূল কারিগর কিন্তু জনপ্রতিনিধিরা। আমরা শুধু আপনাদের সঙ্গে সাচিবিক দায়িত্ব পালন করবো।

তিনি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর সোনার বাংলা গড়তে হলে আগে সোনার মানুষ তৈরি করতে হবে। আপনারা প্রতিপক্ষের প্রতি ক্ষোভ রাখবেন না। ন্যায্যপরায়ণতার সাথে সকলে মিলে কাজ করবেন।

এ সময় তিনি তারুণ্যে শক্তিকে কাজে লাগিয়ে প্রধানমন্ত্রীর লক্ষ্য স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকলকে এক হয়ে কাজ করার আহ্বান জানান।

স্থানীয় সরকার বিভাগের পরিচালক পারভেজ রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা করেন রাজশাহী রেঞ্জের অতিরিক্ত জিআইজি ফয়সল মাহমুদ, আরএমপি'র উপ-পুলিশ কমিশনার অনিবার্ন চাকমা, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা মোঃ দেলোয়ার হোসেন। অনুষ্ঠানে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, জনপ্রতিনিধি, সুশিল সমাজের প্রতিনিধি এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে নবনির্বাচিত জনপ্রতিনিধিদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান বিভাগীয় কমিশনার।

.....  
তৌহিদ/আতিক/রুহুল/২০২৪/১৬:১০ ঘ.